# প্রতিবাদ লিপি

**ভোজ্যতেলের (সয়াবিন তেল) মূল্য বৃদ্ধি বিষয়ে প্রকাশিত সংবাদের প্রেক্ষিতে বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশনের প্রতিবাদ লিপি**

সাম্প্রতিক সময়ে বিভিন্ন গণমাধ্যমে প্রকাশিত সংবাদে উল্লেখ করা হয়েছে যে, বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন ভোজ্যতেলের (সয়াবিন তেল) মূল্য বৃদ্ধির সুপারিশ করেছে ও এই মর্মে বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। এ ধরনের কোন বিজ্ঞপ্তি প্রকাশের সাথে কমিশনের কোন ধরনের সংশ্লিষ্টতা নেই। উক্ত সংবাদ সম্পূর্ণ ভিত্তিহীন, অসত্য এবং বিভ্রান্তিকর বিধায় কমিশন তীব্র প্রতিবাদ জানাচ্ছে।

বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন পরিষ্কারভাবে জানাচ্ছে যে—

কমিশন হতে ভোজ্যতেলের দাম বৃদ্ধি সংক্রান্ত কোন বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়নি। এমনকি কোন গণমাধ্যমে এ ধরণের কোন তথ্য বা বিজ্ঞপ্তি কমিশন হতে সরবরাহ করা হয়নি। বিষয়টি অত্যন্ত স্পর্শকাতর ও জনগুরুত্বপূর্ণ বিধায় যাচাই-বাছাই ছাড়া এ ধরনের বিভ্রান্তিকর সংবাদ প্রকাশ জনমনে ভুল বোঝাবুঝির সৃষ্টি করে।

এমতাবস্থায় যাচাই বাছাই ব্যাতিরেকে এ ধরনের ভিত্তিহীন এবং বিভ্রান্তিকর সংবাদ প্রকাশ না করার জন্য গণমাধ্যমকে সনির্বন্ধ অনুরোধ জানানো যাচ্ছে।

— বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন